ইবন উমার রাদিয়াল্লাহু আনহু তার দুই হাঁটুর পূর্বে দুই হাতকে রাখতেন। আর তিনি বলতেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা করবেতন।

ইবন উমার রাদিয়াল্লাহু আনহু তার দুই হাঁটুর পূর্বে দুই হাতকে রাখতেন। আর তিনি বলতেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা করবেতন। [সহীহ] [ইবন খুযাইমাহ এটি বর্ণনা করেছেন।]

হাদীসটি প্রমাণ করে যে, একজন মুসল্লী সেজদায় যাওয়ার সময় তার দুই হাঁটুর পূর্বে দুই হাতকে মাটিতে রাখবেন। তবে বিষয়টি ওআয়েল ইবন হিজরের হাদীসের সাথে সাংঘর্ষিক। তাতে বলা হয় একজন মুসল্লি যখন সেজদা করার জন্য ঝুঁকবে সে তার দুই হাতের পূর্বে দুই হাঁটুকে যমীনে রাখবে। এটি একটি ইজতিহাদী মাসআলা। সুতরাং আমলের ক্ষেত্রে দুটিরই অবকাশ আছে। এ কারণেই কতক ফকীগ দুটি বিষয়ের মাঝে স্বাধীনতা প্রদান করেছেন। হয় উভয় দিকের হাদীসগুলো দুর্বল হওয়ার কারণে অথবা দুই হাদীসের মধ্যে দ্বন্ধ হওয়ার কারণে; যাতে একটি হাদীস অপর হাদীসের ওপর প্রাধান্য দেওয়ার মতো কোন কিছু নাই।তাই এর ফলাফল হলো অবকাশ দেওয়া এবং উভয় পদ্ধতির মধ্যে স্বাধীনতা দেওয়া।

http://www.sunnah.global/hadeeth/bn/show/10940